মেহেরপুরে দিনব্যাপী ফল মেলার উদ্বোধন

“ফলে পুষ্টি অর্থ বেশ, স্মার্ট কৃষির বাংলাদেশ ” এই প্রতিপাদ্যে মেহেরপুরে পালিত হয়েছে জাতীয় ফল মেলা। আজ মঙ্গলবার (১৬ জুলাই) সকাল ১১ টার দিকে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর চত্বরে মেলার উদ্বোধন করেন ভারপ্রাপ্ত জেলা প্রশাসক তানভীর হাসান।

এ সময় সেখানে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক বিজয় কৃষ্ণ হালদার, গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা ইমরান হোসেন, মুজিবনগর উপজেলা কৃষি কর্মকর্তা আব্দুল মোমেন সহ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীরা।

এসময় জেলা প্রশাসক বিভিন্ন স্টল ঘুরে দেখেন ও নতুন নতুন ফলের সাথে পরিচিত হোন।

মেলার ৬ টি স্টলে দেশি ও বিদেশী অনেক ফলের পসরা সাজিয়ে বসেছেন কৃষি অফিসাররা। তারা বলছেন, পুষ্টি সমৃদ্ধ এসব ফলের সাথে কৃষক ও সাধারণ মানুষের পরিচয় করিয়ে দেওয়ার লক্ষ্যেই এ মেলার আয়োজন। ভবিষ্যতে যাতে পরিবারের পুষ্টি চাহিদা মেটাতে বাড়ির আঙিনায় এসব ফলের চাষ করতে পারেন সাধারণ মানুষ এখান থেকে সেই পরামর্শই দিচ্ছেন কৃষি কর্মকর্তারা।

চুয়াডাঙ্গায় ফল মেলার উদ্বোধন

“ফলে পুষ্টি অর্থ বেশ,স্মার্ট কৃষির বাংলাদেশ” এ প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে গতকাল সোমবার তিন দিন ব্যাপী ফল মেলা শুরু হয়েছে।

চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর চত্বরে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফল মেলার উদ্বোধন করেন জেলা প্রশাসক ড.কিসিঞ্জার চাকমা।

এরপর অধিদপ্তরের সম্মেলন কক্ষে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক বিভাস চন্দ্র সাহার সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রাণীসম্পদ কর্মকর্তা ডা.মোঃ সাহাবুদ্দিন, অতিরিক্ত উপ-পরিচালক (উদ্যান) মোমরেজ আলী, সদর উপজেলার কৃষি কর্মকর্তা আফরিন বিনতে আজিজ, দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, জীবননগর উপজেলা কৃষি কর্মকর্তা আলমগীর হোসেন প্রমূখ। অনুষ্ঠানের শেষে কৃষকদের মধ্যে গাছের চারা বিতরণ করা হয়।

মেহেরপুরে ফল মেলা ও আলোচনা সভা অনুষ্ঠিত

“বছর ব্যাপী ফল চাষে, অর্থ পুষ্টি দুই-ই আসে “এই প্রতিপাদ্যে ২১-২৩ জুন তিন দিনব্যাপী কৃষি সম্প্রসারণ ও জেলাপ্রশাসকের উদ্যোগে ফল মেলা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মঙ্গলবার সকালে কৃষি সম্প্রসারণের খামারবাড়ি চত্বরে এ মৌসুমি ফল মেলার আয়োজন করা হয়। বিভিন্ন ধরনের ফলে সুঘ্রাণে মুখরিত ছিল অনুষ্ঠান স্থল।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ভারপ্রাপ্ত উপপরিচালক কৃষিবিদ শামসুল আলম।
প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মনসুর আলম খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম।

এ ছাড়াও অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, বারাদি হটিকালচারের উপপরিচালক হাবিবুল ইসলাম খান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপপরিচালক এ কে এম কামরুজ্জামান, সদর উপজেলা কৃষি কর্মকর্তা নাসরিন পারভীন সহ বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রী, কৃষক ও খামারি প্রমুখ।

এ ফল মেলায় আম, কাঠাল, আনারস, পেপে, পেয়ারা, লিচু, কলা, লটকন,

জামরুল, খেজুর, ড্রাগন প্রভৃতি ফলসহ প্রায় ২০ প্রজাতির ফল প্রদর্শন করা হয়। জাঙ্ক ফুড ও অস্বাস্থ্যকর খাবার থেকে বিরত রাখা এবং পুষ্টিমান সম্পন্ন নানান ধরনের ফলের সাথে পরিচয় করিয়ে দিতে এই আয়োজন করা হয়।